"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

বিজ্ঞপ্তি
তারিখ ২৮ এপ্রিল ২০২২

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) এর ধারা ২৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এতদ্বারা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ২০২২ এর খসড়া বিধিমালার উপর সংশ্লিষ্ট সকলের মতামত, পরামর্শ বা আপত্তি আহবান করিতেছে।

খসড়া বিধিমালার উপর মতামত, পরামর্শ বা আপত্তি উহা সংবাদপত্রে প্রকাশিত হইবার ২(দুই) সপ্তাহের মধ্যে নিম্ন ঠিকানায় প্রেরণ করিবার জন্য অনুরোধ করা হইলো।

মতামত, পরামর্শ বা আপত্তি প্রেরণের ঠিকানা:

চেয়ারম্যান

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি, আগারগাঁও
শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭
ই-মেইল: chairman@sec.gov.bd এবং প্রতিলিপি: farzana.yeasmin@sec.gov.bd

খসড়া

প্রজ্ঞাপন

তারিখঃ.......................

নং.বিএসইসি/সিএমআরআরসিডি/২০২১-৩৯৬/........../ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) এর ধারা ২৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, পূর্ব প্রকাশের পর, নিম্নবর্ণিত বিধিমালা প্রণয়ন করিলঃ

১। **সংক্ষিপ্ত শিরোনাম।-** এই বিধিমালা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।—** (১) বিষয় বা প্রসংগের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) "আইন" অর্থ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন)।

(খ) "আইনগতসত্ত্বা" অর্থ কোম্পানীসহ যে কোনো সিকিউরিটি ইস্যুকারী প্রতিষ্ঠান বা ট্রাস্ট।

(গ) "উল্লেখযোগ্য তথ্য" অর্থ এই বিধিমালার বিধি ৩ এর উপবিধি (২) এর অধীন তফসিল-ক এ বর্ণিত তথ্যাদি।

(ঘ) "উল্লেখযোগ্য শেয়ারহোল্ডার" অর্থ কোনো কোম্পানীর ১০% (দশ শতাংশ) বা উহার অধিক শেয়ারের মালিক।

(ঙ) "ফান্ড" অর্থ কোনো তালিকাভুক্ত মিউচ্যুয়াল ফান্ড বা যৌথ বিনিয়োগ স্কীম।

(চ) "মূল্য সংবেদনশীল তথ্য (Price Sensitive Information)" অর্থ এইরূপ অপ্রকাশিত তথ্য, যাহা প্রকাশিত হইলে এক্সচেঞ্জের কোনো ট্রেডিং বোর্ডে সংশ্লিষ্ট তালিকাভুক্ত সিকিউরিটিজের বাজার মূল্য প্রভাবিত হইতে পারে বা সংশ্লিষ্ট ইস্যুয়ারের সম্পদ মূল্যায়ন প্রভাবিত হইতে পারে।

(ছ) "সুবিধাভোগী (Insider)" অর্থ উপ-দফা (অ) - (ঈ) তে উল্লিখিত কোনো ব্যক্তি বা এমন কোনো ব্যক্তি, যিনি উপ-দফা (অ) - (ঈ) তে উল্লিখিত কোনো ব্যক্তির সহিত তাহার সম্পর্ক বা তাহার অবস্থানের কারণে বা লেনদেনের কারণে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে মূল্য সংবেদনশীল তথ্য জানিতে পারেন বা উক্ত তথ্য জানিবার সুযোগ আছে বলিয়া বিবেচনা করা যায় এরূপ কোনো ব্যক্তি-

(অ) কোনো তালিকাভুক্ত কোম্পানীর পরিচালক, উল্লেখযোগ্য শেয়ারহোল্ডার, ম্যানেজিং

এজেন্ট, ব্যাংকার, নিরীক্ষক, সম্পদ মূল্যায়নকারী, ক্রেডিট রেটিং কোম্পানী, উপদেষ্টা, বা উহার বা উহাদের কর্মকর্তা বা কর্মচারী বা নিকটাত্মীয় বা উহার বা উহাদের সহিত সম্পর্কিত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(আ) কোনো তালিকাভুক্ত ফান্ডের ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপকসহ সকল চুক্তিবদ্ধ পক্ষের পরিচালক, ম্যানেজিং এজেন্ট, ব্যাংকার, নিরীক্ষক, সম্পদ মূল্যায়নকারী, ক্রেডিট রেটিং কোম্পানী, উপদেষ্টা, একই সম্পদ ব্যবস্থাপক কোম্পানির অধীন পরিচালিত অন্য ফান্ড বা উহার বা উহাদের কর্মকর্তা বা কর্মচারী বা নিকটাত্মীয় বা উহার বা উহাদের সহিত সম্পর্কিত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(ই) কোনো স্টক ব্রোকার বা ডিলার, ইস্যু ব্যবস্থাপক, পোর্টফোলিও ম্যানেজারসহ সকল বাজার মধ্যস্থতাকারী, বা উহার বা উহাদের পরিচালক বা কর্মকর্তা বা কর্মচারী বা অনুমোদিত প্রতিনিধি বা নিকটাত্মীয় বা উহার বা উহাদের সহিত সম্পর্কিত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(ঈ) তালিকাভুক্ত কোম্পানীর বা ফান্ডের সংশ্লিষ্ট নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ বা আত্ম-নিয়ামক সংগঠনের কোনো পরিচালক বা কর্মকর্তা বা কর্মচারী বা উহার বা উহাদের নিকটাত্মীয় বা উহার বা উহাদের সহিত সম্পর্কিত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান ।

(জ) "সুবিধাভোগী ব্যবসা (Insider Trading)" অর্থ অপ্রকাশিত মূল্য সংবেদনশীল তথ্যের ভিত্তিতে কোনো সুবিধাভোগী কর্তৃক কোনো সিকিউরিটি ক্রয় বা বিক্রয় বা অন্যবিধভাবে হস্তান্তর।

(ঝ) "নিকটাত্মীয় (Immediate Relative)" অর্থে পিতা-মাতা, স্বামী-স্ত্রী, সন্তান, বা এরূপ ব্যক্তি, যিনি কোনো ব্যক্তির উপর আর্থিকভাবে নির্ভরশীল বা সিকিউরিটি লেনদেন বিষয়ে উক্ত ব্যক্তির পরামর্শ গ্রহণ করেন;

(২) এই বিধিমালায় ব্যবহৃত যেই সকল শব্দ বা অভিব্যক্তির (expression) সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969), ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন), বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন), আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২৭ নং আইন), কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন), ডিপজিটরি আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ৬ নং আইন) এবং উহাদের অধীন জারিকৃত কোনো বিধিমালা বা প্রবিধানমালায় যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে ব্যবহৃত হইবে।

৩। মূল্য সংবেদশীল তথ্য, উল্লেখযোগ্য তথ্য, উহার প্রকাশ, ইত্যাদি।–(১) কোনো তালিকাভুক্ত কোম্পানী বা ফান্ড বা সিকিউরিটির ইস্যুয়ার বা ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বা ট্রাস্টি মূল্য সংবেদনশীল তথ্য হিসাবে,

অন্যান্যের মধ্যে, নিম্নবর্ণিত তথ্যাবলী গণ্য করিবে, যথাঃ-

(অ) আর্থিক অবস্থা সম্পর্কিত প্রতিবেদন, আর্থিক অবস্থার পরিবর্তন ও এতদসংক্রান্ত মৌলিক তথ্যাদি;

(আ) কর্পোরেট ঘোষণা সংক্রান্ত তথ্যাদি;

(ই) অধিগ্রহণ, অবসায়ন, রূপান্তর বা হস্তান্তর সংক্রান্ত তথ্যাদি;

(ঈ) কর্পোরেট কাঠামো পরিবর্তন সংক্রান্ত তথ্যাদি;

(উ) পুঁজি কাঠামো (Capital Structure) পরিবর্তন ও দায় পরিশোধ সংক্রান্ত তথ্যাদি;

(ঊ) ব্যবসা কার্যক্রম সম্প্রসারণ, পরিবর্তন ইত্যাদি সংক্রান্ত তথ্যাদি;

(ঋ) ফান্ড ব্যবস্থাপনা ও ফান্ডের কাঠামোগত পরিবর্তন সম্পর্কিত তথ্যাদি;

(এ) কমিশন কর্তৃক প্রণীত অন্য কোনো বিধি-বিধান বা আদেশ-নির্দেশে বর্ণিত তথ্যাদি।

(২) তালিকাভুক্ত কোম্পানী বা ফান্ড বা সিকিউরিটির ইস্যুয়ার বা ফান্ডের সম্পদ ব্যবস্থাপক বা ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বা ট্রাস্টি উপ-বিধি **(১)** এর তথ্য সমূহের মূল্য সংবেদনশীলতা বিবেচনা করিবার ক্ষেত্রে তফসীল-ক অনুসরণপূর্বক উল্লেখযোগ্য তথ্যাদি প্রকাশ নীতিমালা **(Principles on Disclosure of Material Information)** প্রস্তুত করিবে এবং এই বিধিমালা জারীর তারিখ হইতে ৩(তিন) মাসের মধ্যে উক্ত নীতিমালা নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করিবে;

(৩) তালিকাভুক্ত সিকিউটির ইস্যুয়ার ও ফান্ডের সম্পদ ব্যবস্থাপক তফসিল-ক অনুসরণ পূর্বক উপবিধি **(২)** এ বর্ণিত নীতিমালা অনুযায়ী উল্লেখযোগ্য তথাদি **(Material Information)** নিজস্ব ওয়েবসাইটে তাৎক্ষণিকভাবে প্রকাশ করিবে এবং উল্লেখযোগ্য তথ্যাদির মধ্যে যেগুলি মূল্য সংবেদনশীল তথ্য হিসেবে বিবেচিত, উহা বিধি ৬ মোতাবেক প্রকাশ করিবে;

(৪) তালিকাভূক্ত সিকিউরিটির ইস্যুয়ার ও ফান্ডের সম্পদ ব্যবস্থাপক কমপক্ষে বিগত ৩ **(**তিন**)** বছরের প্রকাশিত সকল প্রকার মূল্য সংবেদনশীল তথ্যাদি **(Price Sensitive Information)** ও উল্লেখযোগ্য তথ্যাদি **(Material Information)** নিজস্ব ওয়েবসাইটে সংরক্ষণ করিবে;

(৫) কমিশন কর্তৃক সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা নির্ধারিত অন্য কোনো তথ্যও মূল্য সংবেদনশীল তথ্য হিসেবে গণ্য হইবে।

৪। **মূল্য সংবেদনশীল তথ্য সরবরাহের উপর বাধা নিষেধ।- (১)** আপাততঃ বলবৎ অন্য কোনো আইন, কোম্পানীর সংঘবিধি বা ফান্ডের ট্রাস্ট দলিল বা কোম্পানী বা ফান্ডের ক্ষেত্রে প্রযোজ্য অন্য কোনো বিধি-বিধানের প্রয়োজন ব্যতীত কোনো সুবিধাভোগী কোনো তালিকাভুক্ত সিকিউরিটির বা তালিকাভুক্তির জন্য আবেদনকৃত কোনো সিকিউরিটির মূল্য সংবেদনশীল তথ্য অন্য কাহারও নিকট প্রকাশ বা সরবরাহ করিতে পারিবে না এবং Securities and Exchange Ordinance, 1969 এর Section 19 এর বিধান মোতাবেক তথ্যের গোপনীয়তা রক্ষা করিবে।

(২) কমিশন, সরকারী গেজেটে প্রকাশিত আদেশ দ্বারা, যে কোনো প্রকার মূল্য সংবেদশীল তথ্য প্রকাশ বা সরবরাহের পদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(৩) কোনো সুবিধাভোগী Securities and Exchange Ordinance, 1969 এর Section 14 এর বিধান এবং কমিশন কর্তৃক সময় সময় জারীকৃত এতদসংক্রান্ত আদেশ-নির্দেশের বিধি-নিষেধ অনুসরণ পূর্বক লেনদেন করিবে।

৫। **সুবিধাভোগী ব্যবসা ইত্যাদি নিষিদ্ধকরণ।- (১)** কোনো ব্যক্তি নিজে বা অন্য কাহারো মাধ্যমে সুবিধাভোগী ব্যবসা করিবেন না বা উক্তরূপ ব্যবসার ব্যাপারে কোনো ব্যক্তিগত পরামর্শ প্রদান বা সহায়তা করিবেন না।

(২) স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানি বা ফান্ডের কোনো স্পন্সর **(Sponsor),** পরিচালক, কর্মকর্তা বা কর্মচারী, নিরীক্ষক বা নিরীক্ষাকার্যে সম্পৃক্ত ব্যক্তি, সম্পদ মূল্যায়নকারী, ক্রেডিট রেটিং কোম্পানী, পরামর্শক বা আইন উপদেষ্টা, ফান্ডের সম্পদ ব্যবস্থাপক, একই সম্পদ ব্যবস্থাপকের অধীন অন্য ফান্ড, ট্রাস্টি, কিংবা **Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969)** এর **Section 12**-এ উল্লিখিত **Beneficial Owner,** উক্ত কোম্পানী বা ফান্ডের বার্ষিক হিসাব সমাপ্তির তারিখ এর দুই মাস পূর্ব (ইংরেজী পঞ্জিকা বছর মোতাবেক) হইতে উক্ত হিসাব কোম্পানির পরিচালনা পর্ষদ **(Board of Directors)** বা ফান্ডের বোর্ড অব ট্রাস্টি **(Board of Trustee)** কর্তৃক চূড়ান্তভাবে বিবেচিত, গৃহীত বা অনুমোদিত হওয়ার তারিখ পর্যন্ত সময়কালে আলোচ্য কোম্পানীর শেয়ার বা ফান্ডের ইউনিট বা সিকিউরিটি ক্রয়, বিক্রয় কিংবা অন্য কোনো প্রকারে হস্তান্তর (গ্রহণ/প্রদান) করিতে পারিবেন না।

৬। **মূল্য সংবেদনশীল তথ্য সরবরাহের পদ্ধতিঃ-** (১) স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত সিকিউরিটিজের প্রত্যেক ইস্যুয়ার উহার কোনো মূল্য সংবেদনশীল তথ্য সংশ্লিষ্ট বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ত্রিশ মিনিটের মধ্যে কিংবা তথ্যটি উহার গোচরে আসার তারিখেই তাৎক্ষণিকভাবে উহার চেয়ারম্যান, প্রধান নির্বাহী কর্মকর্তা বা কোম্পানী সচিব এর স্বাক্ষরে লিখিতভাবে একই সাথে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এবং সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ এর নিকট ই-মেইল, ফ্যাক্স বা বিশেষ বার্তা বাহক মারফত, ক্ষেত্রবিশেষে কুরিয়ার সার্ভিসযোগে প্রেরণ করিবে; এবং উক্ত তথ্য বহুল প্রচারিত দুইটি দৈনিক পত্রিকায় (একটি বাংলা এবং অপরটি ইংরেজী) এবং একটি অনলাইন (online) পত্রিকায় অবিলম্বে প্রকাশনা নিশ্চিত করিবে।

(২) তালিকাভূক্ত সিকিউরিটির ইস্যুয়ার সিকিউরিটির মূল্য প্রভাবিত করিবার উদ্দেশ্যে কোনো মিথ্যা বা অসত্য মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ করিবে না কিংবা মিথ্যা বা অসত্য তথ্য সরবরাহ বা প্রকাশে প্ররোচিত করিবে না।

(৩) তালিকাভূক্ত সিকিউরিটির ইস্যুয়ার কর্তৃক প্রেরিত ও প্রকাশিত উক্তরূপ তথ্যটিতে ইস্যুয়ারের পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত গ্রহণের তারিখ ও সময়, কিংবা ক্ষেত্রমতে তথ্যটি উহার গোচরে আসার তারিখ উল্লেখ করিতে হইবে।

(৪) সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ উক্ত তথ্য পাওয়া মাত্রই উহা স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে প্রকাশ বা মাধ্যমে প্রচার করিবে।

(৫) যে কোনো ধরনের অতিরঞ্জন এড়ানোর লক্ষ্যে সহজ ও সাবলীল ভাষায় মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ করিতে হইবে।

(৬) মূল্য সংবেদনশীল তথ্য সম্পর্কিত বিষয়াদির ঘটনাপরিক্রমা একটি ডিজিটাল ডাটাবেইজে সংরক্ষণ করিতে হইবে।

৭। **সুবিধাভোগী ব্যবসা, ইত্যাদির পরিণতি।-** (১) কোনো ব্যক্তি বিধি ৪, বিধি ৫ ও বিধি ৬ এর বিধান লংঘন করিলে, আইনের অধীন তাহার অন্য কোনো দায়-দায়িত্ব বা তাহার উপর আরোপনীয় দন্ড সংক্রান্ত বিধানের কার্যকারিতা ক্ষুন্ন না করিয়া, এতদ্বারা বিধান করা যাইতেছে যে, কমিশন তাহার বিরুদ্ধে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে, যথাঃ-

(ক) উক্ত ব্যক্তি সিকিউরিটি লেনদেনের জন্য সনদপ্রাপ্ত কোনো স্টক ব্রোকার, স্টক ডিলার বা অনুমোদিত প্রতিনিধি হইলে তাহার সনদ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ অনুসারে বাতিল বা স্থগিত করিতে পারিবে;

(খ) সুবিধাভোগী ব্যবসার মাধ্যমে কোনো ব্যক্তি কর্তৃক অর্জিত শেয়ার বা ইউনিট বা স্টকের কর্তৃত্ব নির্ধারিত সময়ের জন্য গ্রহণ করিতে বা উক্ত সিকিউরিটি নির্ধারিত সময়ের জন্য হস্তান্তর না

করিবার জন্য তাহাকে নির্দেশ দিতে পারিবে, এবং এরূপ হস্তান্তর কার্যকর না করা বা হস্তান্তর অনুসারে অনুবর্তী (consequential) কার্যক্রম গ্রহণ না করিবার জন্য সংশ্লিষ্ট কোম্পানী বা ফান্ডকে নির্দেশ দিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট ব্যক্তিকে শুনানীর যুক্তিসংগত সুযোগ না দিয়া কমিশন উক্তরূপ ব্যবস্থা গ্রহণ করিবে নাঃ

তবে আরো শর্ত থাকে যে, কমিশন, কোনো বিশেষ ক্ষেত্রে প্রয়োজন মনে করিলে, কারণ লিপিবদ্ধ করিয়া প্রথম শর্তাংশের অধীনে শুনানীর সুযোগ প্রদানের পূর্বেই দফা (খ) এর অধীনে অন্তর্বর্তীকালীন কোনো সময়ের জন্য প্রয়োজনীয় আদেশ দিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত বিধান ক্ষুন্ন না করিয়া কমিশন অভিযুক্ত ব্যক্তিকে আইনের অধীনে অর্থদন্ডে দন্ডিত করিতে পারিবে।

(৩) কোনো সুবিধাভোগী বা ইস্যুয়ার বিধি ৪, বিধি ৫ ও বিধি ৬ এর বিধান লংঘন করিলে উহা Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 17 এর বিধান মোতাবেক প্রতারণামূলক কর্মকান্ড হিসেবে গণ্য হইবে।

(৪) সুবিধাভোগী ব্যবসার মাধ্যমে অর্জিত মুনাফা বা আয় সুবিধাভোগীর নিকট হইতে আদায়ের জন্য কমিশন প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে।

৮। **তদন্ত।-** (১) কমিশন কর্তৃক প্রাপ্ত তথ্যের ভিত্তিতে যদি উহার নিকট প্রতীয়মান হয় যে, কোনো ব্যক্তি বিধি ৪, ৫ ও ৬ এর বিধান লঙ্ঘন করিয়াছেন, তাহা হইলে বিষয়টি তদন্তের জন্য কমিশন একজন তদন্ত কর্মকর্তা অথবা একাধিক ব্যক্তি সমন্বয়ে একটি তদন্ত কমিটি, অতঃপর তদন্তকারী বলিয়া উল্লিখিত, নিয়োগ করিতে পারিবে এবং এইরূপ কমিটিতে প্রয়োজনবোধে একজন নিরীক্ষকও অন্তর্ভুক্ত করিতে পারিবে।

(২) তদন্তকারী তদন্ত শুরু করিবার পূর্বে সংশ্লিষ্ট ব্যক্তিকে লিখিত নোটিশের মাধ্যমে তদন্তের বিষয়বস্তু অবহিত করিবেন এবং প্রয়োজনে উক্ত ব্যক্তিকে সংশ্লিষ্ট দলিলপত্র, হিসাব বহি এবং অন্যান্য কাগজপত্র ও তথ্য উপস্থাপন বা দাখিলের নির্দেশ প্রদান করিবে এবং সংশ্লিষ্ট ব্যক্তি এইরূপ নির্দেশ পালনে বাধ্য থাকিবেন।

(৩) তদন্তকারী তাহার তদন্তের সহিত সংশ্লিষ্ট যে কোনো দলিলপত্র, হিসাব বহি এবং তথ্য যে কোনো যুক্তিসংগত সময়ে পরীক্ষা-নিরীক্ষা করিতে, উহাদের উদ্ধৃতাংশ বা অনুলিপি সংগ্রহ করিতে এবং

সংশ্লিষ্ট যে কোনো ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন এবং এইসবের সহিত সংশ্লিষ্ট ব্যক্তি তদন্তকারীকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানে বাধ্য থাকিবেন।

(৪) কোনো ব্যক্তি তদন্তকারীর নির্দেশ মোতাবেক কোনো দলিলপত্র, হিসাব বহি বা অন্যবিধ তথ্য উপস্থাপন বা দাখিল করিতে ব্যর্থ হইলে বা তদন্তকারীর জিজ্ঞাসাবাদের উত্তর প্রদানে অস্বীকৃতি জ্ঞাপন করিলে বা সহযোগিতা না করিলে বা উক্তরূপ জিজ্ঞাসাবাদ এড়াইয়া যাইতেছেন বলিয়া তদন্তকারী মনে করিলে, তিনি সেই মর্মে কমিশনের নিকট রিপোর্ট দাখিল করিতে পারিবেন এবং কমিশন প্রচলিত আইন অনুসারে উহার বিভিন্ন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

(৫) তদন্ত চলাকালে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে যদি তদন্তকারীর নিকট প্রতীয়মান হয় যে, তদন্তের স্বার্থে অন্তর্বর্তীকালীন সময়ের জন্য কোনো শেয়ার বা ফান্ডের ইউনিট বা স্টকের কর্তৃত্ব গ্রহণ বা উহার হস্তান্তরের উপর বাধা-নিষেধ আরোপ করা প্রয়োজন, তাহা হইলে তিনি সেই মর্মে কমিশনের নিকট একটি অন্তর্বর্তী রিপোর্ট প্রদান করিতে পারিবেন এবং কমিশন, উক্ত রিপোর্ট বিবেচনান্তে, নির্ধারিত সময়ের জন্য উক্ত শেয়ার বা ফান্ডের ইউনিট বা স্টকের কর্তৃত্ব গ্রহণ করিতে বা উহার বিবেচনায় তৎসম্পর্কে অন্য কোনো যথাযথ আদেশ দিতে পারিবে।

(৬) তদন্তকারী, নির্ধারিত সময়ের মধ্যে, তদন্ত সমাপ্ত করিয়া কমিশনের নিকট একটি প্রতিবেদন পেশ করিবেন।

৯। **তদন্ত রিপোর্ট বিবেচনা এবং সিদ্ধান্ত গ্রহণ।-** তদন্ত রিপোর্ট প্রাপ্তির পর কমিশন উক্ত প্রতিবেদন বিবেচনান্তে বিধি অনুসারে প্রয়োজনীয় আদেশ বা নির্দেশ দিতে পারিবে বা পরিস্থিতি অনুসারে অধিকতর তদন্ত বা বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষার জন্য আইনের আওতায় উহার বিবেচনায় অন্য কোনো আদেশ বা নির্দেশ দিতে পারিবে।

১০। **কর্তৃত্ব গ্রহণকৃত শেয়ার বা ফান্ডের ইউনিট বা স্টক ইত্যাদি।-** বিধি ৭**(১) (খ)** বা বিধি ৮**(৫)** এর অধীনে কোনো শেয়ার বা ফান্ডের ইউনিট বা স্টকের কর্তৃত্ব গ্রহণ করা হইলে, কমিশন উক্ত শেয়ার বা ফান্ডের ইউনিট বা স্টক যথাযথভাবে সংরক্ষণ করিবে এবং নির্ধারিত মেয়াদান্তে উক্ত শেয়ার বা স্টক উহার স্বত্বাধিকারীর নিকট ফেরৎ দিবে।

১১। আপীল।- বিধি ৭, ৮ (৫) বা ৯ এর অধীন প্রদত্ত কোনো আদেশ দ্বারা সংক্ষুব্ধ কোনো ব্যক্তি উক্ত আদেশের বিরুদ্ধে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (আপীল) প্রবিধানমালা, ১৯৯৫ অনুসারে আপীল দাখিল করিতে পারিবেন।

১২। আদেশ বা নির্দেশ পরিপালন।- এই বিধিমালায় উল্লিখিত পরিপালনীয় বিধানসমূহ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) মোতাবেক প্রদত্ত নির্দেশ বা আদেশ পরিপালন হিসাবে গণ্য হইবেঃ

তবে শর্ত থাকে যে, কমিশন, এই বিধিমালার অধীন সময় সময় অন্য কোনো আদেশ বা নির্দেশও জারী করিতে পারিবে।

১৩। **রহিতকরণ ও হেফাজত।** -(১) সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫ এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত বিধিমালার অধীনে কৃত কোনো কর্ম, গৃহীত কোনো ব্যবস্থা, প্রদত্ত কোনো আদেশ, নির্দেশ, দায়েরকৃত কোনো দরখাস্ত, আবেদনপত্র বা আপীল, জমাকৃত কোনো ফিস, রক্ষিত কোনো রেকর্ড বা দলিল দস্তাবেজ, পরিচালিত কোন তদন্ত, পেশকৃত কোনো তদন্ত প্রতিবেদন বা জারীকৃত কোনো নোটিশ এই বিধিমালার অধীনে কৃত, গৃহীত, প্রদত্ত, দায়েরকৃত, জমাকৃত, রক্ষিত, পরিচালিত, পেশকৃত বা জারীকৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

"তফসীল-ক"

(বিধি..............................)

উল্লেখযোগ্য তথ্য প্রকাশ নীতিমালা

(Principles of Disclosure of Material Information)

নিম্নবর্ণিত উল্লেখযোগ্য তথ্যসমূহের (Material Information) মধ্যে যে সকল তথ্যাদিতে তালিকাভূক্ত সিকিউরিটি বা ফান্ডের মূল্য সংবেদনশীলতা রহিয়াছে সেসকল তথ্যাদি সিকিউরিটি বা ফান্ডের ইস্যুয়ার কর্তৃক মূল্য সংবেদনশীল তথ্য হিসেবে প্রকাশ করিবে এবং অন্য সকল তথ্যাদি উল্লেখযোগ্য তথ্য (Material Information) হিসেবে কোম্পানীর ওয়েবসাইটে প্রকাশ করিবে। অন্যান্যের মধ্যে, নিম্নোক্ত তথ্যাদি উল্লেখযোগ্য তথ্য, ক্ষেত্রমত, মূল্য সংবেদনশীল তথ্য হিসেবে অন্তর্ভূক্ত হইবেঃ-

১। আর্থিক অবস্থার পরিবর্তন সংক্রান্ত তথ্যাদি, যেমনঃ-

(ক) সম্ভাব্য আয়ের ক্ষেত্রে উল্লেখ্যযোগ্য হ্রাস বৃদ্ধি বিষয়ক কোনো তথ্য বা বিবৃতি বা মন্তব্য;

(খ) আর্থিক ফলাফলের অপ্রত্যাশিত পরিবর্তন;

(গ) আর্থিক বিবরণীর নিম্নোক্ত তুলনামূলক তথ্যাদি:

(অ) শেয়ার/ইউনিট প্রতি আয়;

(আ) শেয়ার/ইউনিট প্রতি নীট পরিচালনাগত নগদ প্রবাহ;

(ই) শেয়ার/ইউনিট প্রতি সম্পদ মূল্য;

(ঘ) আর্থিক বিবরণীর পরিবর্তন, যেমন- আয়, ব্যয়, নগদ প্রবাহ, প্রাপ্য, দায় বা সম্পদ ইত্যাদির উল্লেখযোগ্য হ্রাস বা বৃদ্ধি ও অধিকাংশ বা উল্লেখ্যযোগ্য সম্পদের পুনর্মূল্যায়ন;

(ঙ) ইস্যুয়ার অথবা ফান্ডের সম্পদের মূল্য অথবা সম্পদের সংমিশ্রনের পরিবর্তন;

(চ) প্রভিশন সংরক্ষণ সম্পর্কিত সংশ্লিষ্ট নিয়ন্ত্রক কর্তৃক কোন বিশেষ নির্দেশনা বা উক্ত নির্দেশনার কোনো পরিবর্তন; এবং

(ছ) ইস্যুয়ার অথবা ফান্ডের একাউন্টিং পলিসির কোনো উল্লেখযোগ্য পরিবর্তন, ইত্যাদি।

২। কর্পোরেট ঘোষণা সংক্রান্ত তথ্যাদি, যেমনঃ-

(ক) লভ্যাংশ সংক্রান্ত যে কোনো সিদ্ধান্ত;

(খ) সিকিউরিটি হোল্ডারগণকে রাইট, বোনাস ইস্যুর ঘোষণা বা ইস্যু করা বা অনুরূপ সুবিধা প্রদানের সিদ্ধান্ত;

(গ) বিনিয়োগকারীদের প্রাপ্যতা সম্পর্কিত কর্পোরেট ঘোষণা বা অন্য কোনো তথ্য; এবং

(ঘ) লভ্যাংশ প্রদান বা পলিসি পরিবর্তন, ইত্যাদি।

৩। অধিগ্রহণ, অবসায়ন, রূপান্তর বা হস্তান্তর সংক্রান্ত তথ্যাদি, যেমনঃ-

(ক) বিদ্যমান সম্পদের ৫% এর সমান বা বেশি কোনো সম্পদের অধিগ্রহন বা অবসায়ন বা কোনো যৌথভিত্তিক সম্পদের অধিগ্রহণ;

(খ) কোম্পানীর সহিত অন্য কোম্পানীর একীভূতকরণ বা অধিগ্রহণ, ইত্যাদি; এবং

(গ) ফান্ডের রূপান্তর বা অবসায়ন, ইত্যাদি।

৪। কর্পোরেট কাঠামো পরিবর্তন সংক্রান্ত তথ্যাদি, যেমনঃ-

(ক) কোম্পানীর নিয়ন্ত্রণে প্রভাব ফেলতে পারে এরূপ মালিকানার পরিবর্তন;

(খ) ক্যাপিটাল রিঅর্গানাইজেশন, কোম্পানীর সহিত অন্য কোম্পানীর এমালগ্যামেশন অথবা একীভূতকরণের মাধ্যমে কর্পোরেট কার্যক্রমের পরিবর্তন;

(গ) নাম বা ঠিকানা পরিবর্তন; এবং

(ঘ) কোনো কোম্পানীর কর্তৃত্ব গ্রহণ (টেক-ওভার) প্রস্তাব বা অভ্যন্তরীণ সেবার অধিগ্রহণ প্রস্তাব, ইত্যাদি।

৫। পুঁজি কাঠামো পরিবর্তন সংক্রান্ত তথ্যাবলী, যেমনঃ-

(ক) সিকিউরিটির প্রাইভেট বা পাবলিক অফার অথবা এর পুঁজি কাঠামোর পরিবর্তন;

(খ) সিকিউরিটি পরিকল্পিত ভাবে পুনঃক্রয় বা রিডেমপশন;

(গ) যে কোনো শেয়ার কনসোলিডেশন, শেয়ার বিনিময়, কোনো সিকিউরিটিকে ইক্যুইটি সিকিউরিটিতে রূপান্তর অথবা ঋণপত্রকে শেয়ারে রূপান্তর;

(ঘ) সিকিউরিটি হোল্ডারদের অধিকার সংক্রান্ত উল্লেখযোগ্য পরিবর্তন; এবং

(ঙ) কোম্পানীর নিজস্ব সিকিউরিটির যে কোনো অধিগ্রহণ বা হস্তান্তর বা বন্ধকীকরণ, ইত্যাদি।

৬। ব্যবসা কার্যক্রমের সম্প্রসারণ, পরিবর্তন ইত্যাদি সংক্রান্ত তথ্যাদি, যেমনঃ-

(ক) কোম্পানীর প্রযুক্তি, উৎপাদন বা স্থাপনা সম্পর্কিক উল্লেখযোগ্য কোনো উন্নয়ন বা পরিবর্তন;

(খ) পুঁজি বিনিয়োগ পরিকল্পনা অথবা প্রতিষ্ঠানের উদ্দেশ্যের উল্লেখযোগ্য পরিবর্তন;

(গ) উল্লেখযোগ্য নতুন চুক্তি, উৎপাদন, প্যাটেন্ট, সেবা অথবা ব্যবসায়িক পরিবর্তন;

(ঘ) দীর্ঘ মেয়াদী অনাদায়ী তহবিলের উল্লেখযোগ্য আদায়;

(ঙ) প্রধান নির্বাহী, সিইও, সিএফও, কোম্পানী সচিব সহ পরিচালনা পর্ষদ এর পরিবর্তন বা পদত্যাগ বা পদচ্যুতি;

(চ) অডিটর বা ক্রেডিট রেটিং কোম্পানীর পরিবর্তন;

(ছ) লিগ্যাল প্রসেডিংস অথবা রেগুলেটরী বিষয়াদির উন্নয়ন অথবা শুরুকরণ বা কোনো উল্লেখযোগ্য রায় বা আদেশ;

(জ) এক্সচেঞ্জ হতে সিকিউরিটি ডিলিস্টিং বা এক ক্যাটাগরী হতে অন্য ক্যাটাগরিতে পরিবর্তন;

(ঞ) ম্যানেজমেন্ট কন্ট্রাক্ট, ইনভেস্টরস রিলেশন এগ্রিমেন্ট, সার্ভিস এগ্রিমেন্ট, অথবা রিলেটেড পার্টি ট্রানজেকশনসহ যে কোনো মৌখিক অথবা লিখিত চুক্তি;

(ঠ) কোনো স্থায়ী সম্পত্তি ক্রয় বিক্রয়ের সিদ্ধান্ত বা বিএমআরই বা নূতন ইউনিট স্থাপন সংক্রান্ত তথ্য; এবং

(ড) আন্তঃ কোম্পানী বা সাবসিডিয়ারী বা সহযোগী প্রতিষ্ঠানের মধ্যে অগ্রিম বা ঋণ প্রদান বা গ্রহণ বা পরিচালকের সাথে ঋণ আদান প্রদান ইত্যাদি।

৭। ঋণ ব্যবস্থাপনা সম্পর্কিত তথ্যাদি, যেমনঃ-

(ক) উল্লেখযোগ্য পরিমান ঋণ গ্রহণ ও বিতরণ;

(খ) সম্পদ দায়বদ্ধকরণ অথবা দায়মুক্তকরণ;

(গ) কোনো ব্যাংক বা ক্রেডিটরদের বা ঋণপত্র গ্রাহকের কোনো দায় বা দেনা পরিশোধে ০৩(তিন) মাসের অধিক সময়ের ব্যর্থতা;

(ঘ) উল্লেখযোগ্য নতুন ঋণ চুক্তি; এবং

(ঙ) বৈদেশিক ঋণ চুক্তি বা বিনিয়োগ চুক্তি, ইত্যাদি।

৮। ফান্ড ব্যবস্থাপনা ও কাঠামো পরিবর্তন সম্পর্কিত তথ্যাদি, যেমনঃ-

(ক) ফান্ডের মেয়াদ বর্ধন-কর্তন;

(খ) ফান্ডের অবসায়ন;

(গ) ফান্ডের রুপান্তর;

(ঘ) কোনো একক সিকিউরিটিতে উল্লেখযোগ্য বিনিয়োগ;

(ঙ) কোনো একক সিকিউরিটিতে বিনিয়োগ নগদায়নে উল্লেখযোগ্য লাভ বা ক্ষতি;

(চ) ফান্ডের ট্রাস্টির গঠন, ট্রাস্ট দলিলের যেকোনো পরিবর্তন, ইত্যাদি।

৯। অন্যান্য।

(ক) কোনো গুরূত্বপূর্ণ চুক্তি স্বাক্ষর বা পূর্বে ঘোষিত/ স্বাক্ষরিত চুক্তি বাতিল বা উল্লেখযোগ্য সংশোধন;

(খ) কোম্পানীর এরূপ সম্পদের ক্ষতি বা ভাবমূর্তি ক্ষুণ্ণকারী ঘটনা;

(গ) পূর্বে ঘোষিত কোনো প্রকল্প বাতিল বা উল্লেখযোগ্য সংশোধন; এবং

(ঘ) কোম্পানীর অডিটর কর্তৃক কোয়ালিফাইড প্রতিবেদন দাখিল, ইত্যাদি।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,

প্রফেসর শিবলী রুবাইয়াত-উল-ইসলাম
চেয়ারম্যান।